দৈনিক জনকণ্ঠ
তারিখ ৮ JUN 2017 পৃষ্ঠা ২১ কলাম ৬

বেসরকারী শিক্ষক নিবন্ধন

# উত্তীর্ণ ৩১৭ জনকে কেন নিয়োগ দেয়া হবে না ॥ হাইকোর্টের রুল

**স্টাফ রিপোর্টার ॥** বেসরকারী শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৩১৭ জনের মেধাক্রম প্রণয়ন এবং কেন নিয়োগ দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব, এনটিআরসিএ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টদের রুলের জবাব দিতে বলা হয়েছে। অন্যদিকে কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সারাদেশে টেকনিক্যাল স্কুল এ্যান্ড কলেজে (টিএসসি) ডিপ্লোমা কোর্সে ভর্তি কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা জারি করেছেন হাইকোর্ট। একই সঙ্গে এসব প্রতিষ্ঠানে গত বছরের (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) ডিপ্লোমা কোর্সে ভর্তি কেন অবৈধ ও বাতিল করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করে সংশ্লিষ্টদের জবাব দিতে বলা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ শাহাদৎ হোসাইনকে বরখাস্তের সিদ্ধান্ত কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। নারায়ণগঞ্জের আলীগঞ্জে খেলার মাঠে সরকারী কর্মকর্তাদের আবাসিক ভবন নির্মাণে নিষেধাজ্ঞা জারি করেছেন হাইকোর্ট। বুধবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চগুলো এ আদেশ প্রদান করেছেন।

নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ ৩১৭ জনের মেধাক্রম প্রণয়ন এবং কেন নিয়োগ দেয়া হবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ উল্লাহর সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন এ্যাডভোকেট মোঃ হুমায়ন কবির।